

🔳 উপদেশ

বিভাগ/অধ্যায়ঃ ৩৩. অবৈধ সম্পর্ক রচয়িতা/সঙ্কলকঃ আব্দুর রায্যাক বিন ইউসুফ

অবৈধ সম্পর্ক - ১

যেসব বড় পাপ করলে দুনিয়াতেই কঠোর শাস্তি নির্ধারণ করা হয়েছে যেনা তার মধ্যে অন্যতম। দুনিয়াতে দু'টি বড় পাপের বাস্তব প্রতিক্রিয়া খুব নিন্দনীয়, যেনা তার একটি। যেনাকারীর বাস্তব বিচার বা সামাজিক বিচার যেমন অপমানজনক তেমনি সমাজে দুর্নাম ছড়িয়ে যাওয়াও অপমানজনক। কাজেই যেনাকারী ইহকালেও ক্ষতিগ্রস্ত, পরকালেও ক্ষতিগ্রস্ত। এটা এমন একটা পাপ যার মাধ্যম অনেক। যেমন- চোখ, হাত, পা, কান, মুখ, অন্তর ও লজ্জাস্থান। এগুলির দ্বারা মানুষ যেনার মত জঘন্য পাপ করে থাকে। আল্লাহ তা আলা বলেন, وَلاَ تَقْرَبُوا الزّنَى إِنَّهُ وَسَاءَ سَيِيلاً وَسَاءَ سَيِيلاً وَسَاءَ سَيِيلاً وَسَاءَ سَيِيلاً وَسَاءَ سَيِيلاً وَسَاءَ تَعْرَبُوا الزَّنِي إِنَّهُ وَسَاءَ سَيِيلاً وَسَاءَ مَصَاءَ وَانَامَ اللهِ وَانْ وَانْ اللهِ وَانْ اللهِ وَانْ اللهِ وَانْ اللهِ وَانْ اللهِ وَانْ اللهُ وَانْ اللهُ وَانْ اللهُ وَانْ اللهُ وَانْ اللهُ وَانْ اللهِ وَانْ اللهُ وَانْ اللهِ وَانْ اللهُ وَانْ اللهِ وَانْ اللهُ وَانْ الله

وَالَّذِينَ لاَ يَدْعُونَ مَعَ اللهِ إِلَهًا آخَرَ وَلاَ يَقْتُلُونَ النَّفْسَ الَّتِي حَرَّمَ اللهُ إِلاَّ بِالْحَقِّ وَلاَ يَزْنُونَ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ يَلْقَ لَوْ اللهُ إِلاَّ بِالْحَقِّ وَلاَ يَزْنُونَ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ يَلْقَ لَا يُضَاعَفْ لَهُ الْعَذَابُ يَوْمَ الْقِيَامَةِ وَيَخْلُدْ فِيهِ مُهَانًا

'তারা আল্লাহর সঙ্গে অন্য কোন মা'বূদকে ডাকে না শরী'আত সম্মত কারণ ব্যতীত কাউকে হত্যা করে না এবং যেনা করে না। আর যে ব্যক্তি এই সকল কাজ করে সে শাস্তি ভোগ করবে। ক্রিয়ামতের দিন তার শাস্তি দ্বিগুণ করা হবে এবং এ শাস্তি লাঞ্ছিত অবস্থায় সে অনন্তকাল ভোগ করতে থাকবে' (ফুরক্কান ৬৮)।

আল্লাহ তা'আলা অন্যত্ৰ বলেন

الزَّانِيَةُ وَالزَّانِي فَاجْلِدُوا كُلَّ وَاحِدٍ مِنْهُمَا مِائَةَ جَلْدَةٍ وَلاَ تَأْخُذْكُمْ بِهِمَا رَأْفَةٌ فِي دِينِ اللهِ إِنْ كُنتُمْ تُؤْمِنُونَ بِاللهِ _ _ وَالْيَوْم الْآخِرِ _ _ _ وَالْيَوْم الْآخِرِ

'যেনাকার নারী পুরুষ প্রত্যেককে একশ' বেত্রাঘাত কর, আল্লাহর বিধান পালনে তাদের উভয়ের প্রতি তোমাদের মনে অনুগ্রহ আসা উচিত নয়। যদি তোমরা আল্লাহর প্রতি ক্রিয়ামত দিবসের প্রতি বিশ্বাসী হও' (নূর ২)।

عَنْ عُبَادَةَ الصَّامِتِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ خُذُوْا عَنِّي خُذُوْا عَنِّي قَدْ جَعَلَ الله لَهُنَّ سَبِيْلاً البِكْرُ بِالْبِكْرِ جَلْدُ مِائَةٍ وَتَغْرِيْبُ عَام وَالقَّيِّبُ بِالقَّيِّبِ جَلْدُ مِائَةٍ وَالرَّجْمُ

উবাদাহ ইবনু ছামেত (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেন, 'তোমরা আমার নিকট হতে আল্লাহর বিধান গ্রহণ কর, কথাটি রাসূল (ছাঃ) দু'বার বললেন। আল্লাহ তা'আলা তাদের জন্য নির্ধারণ করেছেন, অবিবাহিত নারী-পুরুষকে একশ' বেত্রাঘাত এবং এক বছরের জন্য নির্বাসন করতে হবে। আর বিবাহিত নারী-পুরুষকে রজম করতে হবে' (মুসলিম, মিশকাত হা/৩৫৫৮; বঙ্গানুবাদ ৭ম খন্ড, হা/৩৪০২)।



আবূ হুরায়রাহ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, 'তিন শ্রেণীর লোকের সঙ্গে আল্লাহ তা'আলা কিয়ামতের দিন কথা বলবেন না। তাদের তিনি পবিত্রও করবেন না। অন্য বর্ণনায় রয়েছে, তাদের দিকে তাকাবেন না এবং তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। তারা হচ্ছে- (১) বৃদ্ধ যেনাকার (২) মিথ্যাবাদী শাসক এবং (৩) অহঙ্কারী দরিদ্র ব্যক্তি' (মুসলিম, মিশকাত হা/৫১০৯; বঙ্গানুবাদ ৯ম খন্ড, হা/৪৮৮২)।

عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: لاَ يَحِلُّ دَمُ امْرِئٍ مُسْلِمٍ يَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَأَنَّ مُصْدَمً مُصَمَّدًا رَسُولُ اللهِ إِلاَّ بِإِحْدَى ثَلَاثٍ رَجُلٌ زَنَى بَعْدَ إِحْصَانٍ فَإِنَّهُ يُرْجَمُ وَرَجُلٌ خَرَجَ مُحَارِبًا لِلَّهِ وَرَسُولِهِ فَإِنَّهُ يُقْتَلُ مُحَمَّدًا رَسُولُ اللهِ إِلاَّ بِإِحْدَى ثَلَاثٍ رَجُلٌ زَنَى بَعْدَ إِحْصَانٍ فَإِنَّهُ يُرْجَمُ وَرَجُلٌ خَرَجَ مُحَارِبًا لِلَّهِ وَرَسُولِهِ فَإِنَّهُ يُقْتَلُ بِهَا مُحَمَّدًا رَسُولُ اللهِ إِلاَّ بِإِحْدَى ثَلَاثُ نَفْسًا فَيُقْتَلُ بِهَا .

আয়েশা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, এমন মুসলমানের রক্ত হালাল নয়, যে সাক্ষ্য দেয় আল্লাহ ছাড়া কোন মা'বূদ নেই এবং মুহাম্মাদ (ছাঃ) আল্লাহর রাসূল। তবে তিন শ্রেণীর মানুষকে হত্যা করতে হয়। (১) এমন মানুষ যে বিবাহ করার পর যেনা করল। তাকে রজম করতে হবে। (২) এমন ব্যক্তি যে আল্লাহ এবং তাঁর রাসূলের বিরুদ্ধে অবস্থান করল, তাকে হত্যা করা হবে, না হয় শূলী দেওয়া হবে, না হয় যমীন হতে নির্বাসন করা হবে। (৩) এমন ব্যক্তি যে কাউকে হত্যা করল, তাকে হত্যা করা হবে (আবুদাউদ হা/৪৩৫৩)।

عَنْ أَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ كُتِبَ عَلَى ابْنِ آدَمَ نَصِيبُهُ مِنَ الزِّنَى مُدْرِكُ ذَلِكَ لاَ مَحَالَةَ فَالْعَيْنَانِ زِنَاهُمَا النَّظَرُ وَالأَّذُنَانِ زِنَاهُمَا الإسْتِمَاعُ وَاللِّسَانُ زِنَاهُ الْكَلاَمُ وَالْيَدُ زِنَاهَا الْبَطْشُ وَالرِّجْلُ زِنَاهَا الْخُطَا الْخُطَا وَاللِّسَانُ وَنَاهُ الْكَلاَمُ وَالْيَدُ زِنَاهَا الْبَطْشُ وَالرِّجْلُ زِنَاهَا الْخُطَا وَالْعَلْمُ وَالْقَلْبُ يَهْوَى وَيَتَمَنَّى وَيُصَدِّقُ ذَلِكَ الْفَرْجُ وَيُكَذِّبُهُ

আবু হুরায়রা (রাঃ) বলেন, নবী কারীম (ছাঃ) বলেছেন, 'আদম সন্তানের উপর যেনার একটি অংশ লিখা হয়েছে। সে তা পাবেই। মানুষের দু'চোখের যেনা দেখা। দু'কানের যেনা শুনা। জিহবা যেনা কথা বলা। হাতের যেনা স্পর্শ করা। পায়ের যেনা যেনার পথে চলা। অন্তরের যেনা হচ্ছে আকাজ্ফা করা। লজ্জাস্থান তার সত্য মিথ্যা প্রমাণ করে' (মুসলিম হা/২৬৫৭; মিশকাত হা/৮৬ 'ঈমান' অধ্যায়)।

عَنْ عُثْمَانَ بْنِ أَبِي الْعَاصِي رضي الله عنهما عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى الله عَلَيه وَسَلَّمَ، قَالَ : تُفْتَحُ أَبْوَابُ السَّمَاءِ نِصنْفَ اللَّيْلِ، فَيُنَادِي مُنَادِ: هَلْ مِنْ دَاعٍ فَيُسْتَجَابُ لَهُ، هَلْ مِنْ سَائِلٍ فَيُعْطَى، هَلْ مِنْ مَكْرُوبٍ فَيُفَرَّجُ عَنْهُ، فَلاَ نِصنْفَ اللَّيْلِ، فَيُنَادِي مُنَادِ: هَلْ مِنْ دَاعٍ فَيُسْتَجَابُ لَهُ، هَلْ مِنْ سَائِلٍ فَيُعْطَى، هَلْ مِنْ مَكْرُوبٍ فَيُفَرَّجُ عَنْهُ، فَلاَ يَصنُفَ اللّهُ عَنَّ وَجَلَّ، لَهُ إِلاَّ زَانِيَةً تَبْغِي بِفَرْجِهَا، أَوْ عَشَّارًا .

ওছমান ইবনে আবিল আছ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, অর্ধরাতে আকাশের দরজা খোলা হয়। তখন আল্লাহ আহবান করে বলেন, কোন প্রার্থনাকারী আছে কি তার প্রার্থনা কবুল করা হবে? কোন সাহায্যকারী আছে কি তাকে সাহায্য করা হবে? কোন সংকটে নিমর্জিত ব্যক্তি আছে কি তার সংকট দুর করা হবে? এ সময় কোন মুসলমান দো'আ করলে তার দো'আ কবুল করা হয়। তবে অঞ্লীল কাজে লিপ্ত যে নারী তার প্রার্থনা কবুল হয়না। অন্য বর্ণনায় রয়েছে নিশ্চয় আল্লাহ তার মাখলুকের পাশে থাকেন। যে ক্ষমা চায় তাকে ক্ষমা করেন তবে যে নারী অঞ্লিল কাজে লিপ্ত তাকে ক্ষমা করেন না (আহমাদ, তারগীব হা/৩৪২০)।

عَنْ عَبْدِ اللهِ بْنِ زَيْدٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم يَقُوْلُ إِنَّ أَخْوَفُ مَا أَخَافُ عَنْ عَبْدِ اللهِ بْنِ زَيْدٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم يَقُوْلُ إِنَّ أَخْوَفُ مَا أَخَافُ

আন্দুল্লাহ ইবনে যায়েদ (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি। নিশ্চয় আমি তোমাদের উপর যে ব্যাপারে বেশী ভয় করি তা হচ্ছে যেনা ও গোপন প্রবৃত্তি (তারগীব হা/৩৪১৯)।

عَنْ بُرِيْدَةَ قَالَ جَاءَ مَاعِزُ بُنُ مَالِكِ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللهِ طَهَرْنِي. فَقَالَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلُ ذَلِكَ حَتَّى إِذَا كَانَتِ الرَّابِعَة قَالَه لَهُ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَ أُطَهِرُكَ؟ فَقَالَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَ أُطَهِرُكَ؟ فَقَالَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبِهِ جُنُونَ؟ فَأَخْبِرَ أَنَّهُ لَيْسَ بِمَجْنُونِ فَقَالَ أَشْرِبَ حَمْرًا؟ فَقَامَ رَجُلٌ فَاسْتَنْحَهَهُ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَرْنَيْت؟ قَالَ نَعَمْ فَأَمَر بِهِ فَرُجِمَ فَلَيْثُوا يَوْمَيْن أَوْ ثَلَاثَةٌ ثُمَّ جَاءَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْ وَسَلَّمَ فَقَالَ النَّيْعَة هُلُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ السَّتَفْفِرِي اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَنْت؟ فَاسُتَنْعَتْ بَيْنَ أَمَّ لَوَسِعَتْهُمْ ثُمَّ جَاءَتُهُ امْرَأَةٌ مِنْ غَامِدِ مِنَ الْأَزْدِ فَقَالَتْ اللهِ عَلَيْ وَسَلَّمَ عَنْ الْأَرْدِ فَقَالَتْ اللهُ عَلَيْ وَيَعْلُ أَلْكِ لَقَدْ تَابَ تَوْيَةً لَوْ قُسِّمَتْ بَيْنَ أَمَّةٍ لَوَسِعَتْهُمْ ثُمَّ جَاءَتُهُ امْرَأَةٌ مِنْ عَامِدِ مِنَ الْأَرْدِ فَقَالَتْ اللهِ عَلَيْ وَسَلَّمَ فَقَالَ لَيْ اللهُ عَلَيْهِ وَسَلَم لَكُ عَلَى اللهُ عَلَيْهِ وَسَلَم فَقَالَ لَيْ اللهُ عَلَيْهِ وَسَلَم فَقَالَ لَهُ عَلَى اللهُ عَلَيْهِ وَسَلَم فَقَالَ لَهَا مَعْ يَعْمُ وَلَكُ أَنْ وَلَكُ اللهُ عَلَيْهِ وَسَلَم فَقَالَ لَيْ عَلَى الْلهُ عَلَيْهِ وَسَلَم فَقَالَ لَهُ الْمَعْمِيهِ فَلَمَا فَعَلَى إِلَى اللهُ عَلَيْهِ وَسَلَم مَوْالَ الْمَالِمِينَ فَعَ الْعَامِيهِ فَلَمَا الْمُعْمِيهِ فَلَا الْمُ عَلَيْهِ وَلَيْتُ اللهُ عَلَى اللهُ عَلَيْهُ وَلَكُمْ مَنَ الْمُولِيدِ بِحَجْرِ فَرَعُ الْعَلَى اللّهُ عَلَيْهُ وَسَلَم مَعْ الْمُعْلَى اللهُ عَلَيْ وَلَوْ لَلُهُ مُنْ الْمَالِمِينَ ثُمَ أَمْ مَلَ اللهُ فَصَلَى عَلَيْهُ وَلَلُهُ مُنَا اللهُ عَلَيْهِ وَلَا لَكُ مُنَا اللهُ عَلَيْ مَلَى اللهُ عَلَيْ وَلَا لَكُ مُنَا اللهُ فَصَلَى عَلَيْهُ وَلَوْلَا لَكُولِهُ فَصَلَى عَلَيْهَا وَلُولُولَ لَلُهُ مُؤَلِلُ اللهُ عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلَيْهُ وَلُولُولِهِ لَهُ م

বুরায়দা (রাঃ) বলেন, একদা মায়েয ইবনে মালেক (রাঃ) নবী (ছাঃ)-এর নিকট এসে বললেন, ইয়া রাসূলুল্লাহ (ছাঃ)! আমাকে পবিত্র করুন। তিনি বললেন, আক্ষেপ তোমার প্রতি, চলে যাও, আল্লাহর কাছে ক্ষমা চাও এবং তওবা কর। বর্ণনাকারী বলেন, তিনি চলে গেলেন এবং সামান্য একটু দূরে যাইয়াই পুনরায় ফিরিয়া আসলেন এবং আবারও বললেন, ইয়া রাসূলুল্লাহ! আমাকে পবিত্র করুন। নবী (ছাঃ) এইবারও তাঁকে পূর্বের ন্যায় বললেন। এইভাবে তিনি যখন চতুর্থবার এসে বললেন, তখন রাসূলুল্লাহ (ছাঃ) জিজ্ঞেস করলেন, আচ্ছা! আমি তোমাকে কোন্ জিনিস হতেপবিত্র করব? তিনি বললেন, যিনা হতে। তাঁর কথা শুনে রাসূলুল্লাহ (ছাঃ) (ছাহাবাদেরকে) জিজ্ঞেস করলেন, লোকটি কি পাগল? লোকেরা বলল, না তো? তিনি পাগল নন। তিনি আবার বললেন, লোকটি কি মদ পান করেছে? তৎক্ষণাৎ এক ব্যক্তি দাঁড়িয়ে তাঁর মুখ শুঁকে দেখেন; কিন্তু মদের কোন গন্ধ তাঁর মুখ হতে পাওয়া গেল না। অতঃপর তিনি তাঁকে জিজ্ঞেস করলেন, তুমি কি সত্যই যিনা করেছ? তিনি বললেন,জি হাঁ। এর পর তিনি রজমের নির্দেশ দিলেন, তখন তাঁকে রজম করা হল। এই ঘটনার দুই তিন দিন পর রাসূলুল্লাহ (ছাঃ) (সাহাবাদের সম্মুখে) এসে বললেন, তোমরা মায়েয ইবনে মালেকের জন্য ইস্তেগফার কর (ক্ষমা প্রার্থনা কর)। কেন্টা সেমন্ত উম্মতের মধ্যে বিতরণ করে দেওয়া হয়. তবে উহা সকলের জন্য



যথেষ্ট হবে।

অতঃপর আফ্দ বংশের গামেদী গোত্রীয় একটি মহিলা এসে বলল, হে আল্লাহর রাসূল! আমাকে পবিত্র করুন। তিনি বললেন,তোমার প্রতি আক্ষেপ! চলে যাও, আল্লাহর কাছে ইস্তেগফার কর এবং তওবা কর। তখন মহিলাটি বলল, আপনি মায়েয় ইবনে মালেককে যেভাবে ফিরিয়ে দিয়েছেন আমাকেও কি সেভাবে ফিরিয়েদিতে চান? দেখুন, আমার এই গর্ভ যিনার! তিনি জিজ্ঞেস করলেন, তুমি কি (সত্যই গর্ভবতী)? মহিলাটি বলল, জি হাঁ। অতঃপর তিনি বললেন, যাও, তোমার পেটের বাচ্চা প্রসব হওয়া পর্যন্ত অপেক্ষা কর। বর্ণনাকারী বলেন, তখন আনসারী এক লোক মহিলাটির সন্তান প্রসব হওয়ার সময় পর্যন্ত তাকে নিজের তত্ত্বাবধানে নিয়ে গেলেন। সন্তান প্রসব হওয়ার পর ঐ লোকটি নবী (ছাঃ)-এর খেদমতে এসে বলল, হুযুর! গামেদী মহিলাটির গর্ভ খালাস হয়ে গিয়েছে। এইবার তিনি বললেন, এই শিশু বাচ্চাটিকে রেখে আমরা মহিলাটিকে রজম করতে পারব না। এমতাবস্থায় যে, তাকে দুধ পান করাবার মত কেউই নেই। এমন সময় আর একজন আনসারী দাঁড়িয়ে বলল, হে আল্লাহর নবী! আমিই তার দুধ খাওয়ানোর ব্যবস্থা করব। বর্ণনাকারী বলেন, অতঃপর তাকে রজম করলেন । অন্য এক রেওয়াতে আছে, নবী (ছাঃ) মহিলাটিকে বললেন, তুমি চলে যাও এবং সন্তান প্রসব হওয়া পর্যন্ত অপেক্ষা কর। অতঃপর সন্তান প্রসবের পর যখন আসিল, তখন বললেন,আবারও চলে যাও এবং তাকে দুধ পান করাও এবং দুধ ছাড়ান পর্যন্ত অপেক্ষা কর। পরে যখন বাচ্চাটির দুধ খাওয়া বন্ধ হয়, তখন মহিলাটি বাচ্চার হাতে এক খন্ড রুটির টুকরা দিয়ে তাকে সঙ্গে করে রাসূল (ছাঃ)-এর খেদমতে উপস্থিত হল। এইবার মহিলাটি বলল, হে আল্লাহর নবী! এই দেখুন (বাচ্চাটির) দুধ ছাড়ান হয়েছে, এম কি সে নিজের হাতের খানাও খেতে পারে। তখন রাসুল (ছাঃ) বাচ্চাটিকে একজন মুসলমানের হাতে তুলে দিলেন। পরে মহিলাটির জন্য গর্ত খোঁড়ার নির্দেশ দিলেন। অতএব তার জন্য হব পর্যন্ত গর্ত খনন করা হল। তৎপর লোকদেরকে নির্দেশ করলেন, তারা মহিলাটিকে রজম করল। খালেদ ইবনে ওলীদ (রাঃ) সম্মুখে অগ্রসর হয়ে তার মাথায় একখন্ড পাথর নিক্ষেপ করতেই রক্ত ছিটে এসে তাঁর মুখমণ্ডলের উপর পড়ল। তাই তিনি মহিলাটিকে ভৎর্সনা ও তিরস্কার করে গাল-মন্দ করলেন, (এটা শুনে) নবী করীম (ছাঃ) বললেন, হে খালেদ, থাম! সেই সত্তার কসম, যার হাতে আমার প্রাণ! অবশ্য মহিলাটি এমন (খালেছ) তওবা করেছে, যদি কোন বড় যালেমও এই ধরনের তওবা করে, তারও মাগফেরাত হয়ে যাবে। অতঃপর তিনি তার জানাযা পড়ার আদেশ করলেন, অতঃপর তার জানাযা পড়লেন এবং তাকে দাফনও করা হল (মুসলিম, মিশকাত হা/৩৫৬২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8323

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন